# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ৭. ২. মোশি ও হারোণের অবিশ্বাস ও অবাধ্যতা

অবিশ্বাস, মূতিপূজা বা শিরক যে কোনো বিশ্বাসীর জন্য ভয়ঙ্করতম পাপ। বাইবেল নিষিদ্ধ ভয়ঙ্করতম পাপ মূর্তিপূজা বা ঈশ্বর ছাড়া আর কারো উপাসনা করা। বাইবেলে এ অপরাধ ক্ষমার অযোগ্য ও এর জন্য তাৎক্ষণিক মৃত্যুদণ্ড-র বিধান। অলৌকিক ক্ষমতাধারী কোনো নবীও যদি শিরকের প্ররোচনা দেন তবে তাকেও পাথর মেরে হত্যা করতে হবে। এক্ষেত্রে তাওবারও কোনো সুযোগ নেই। (যাত্রাপুস্তক ২২/২০, ৩২/২৮, দ্বিতীয় বিবরণ ১৩/১-১৬, ১৭/২-৭, ১ রাজাবলি ১৮/৪০)

এর বিপরীতে বাইবেল বলছে, কোনো কোনো নবী মূর্তিপূজা করতেন। কোনো কোনো নবীকে অবিশ্বাসী বা অবাধ্য বলেও উল্লেখ করা হয়েছে। এদের মধ্যে রয়েছেন মোশি/ মূসা (আ) ও হারুন (আ)। বাইবেল দুজনকেই অবাধ্য ও অবিশ্বাসী বলে উল্লেখ করেছে। গণনা পুস্তক/ শুমারী ২০/১২: ‘‘পরে মাবুদ মূসা ও হারুনকে বললেন, তোমরা বনি-ইসরাইলদের সাক্ষাতে আমাকে পবিত্র বলে মান্য করলে না এবং আমার কথায় বিশ্বাস করলে না, এজন্য আমি তাদেরকে যে দেশ দিয়েছি, সেই দেশে তোমরা এই লোকদের প্রবেশ করাতে পারবে না।’’ (মো.-১৩)

দ্বিতীয় বিবরণের ৩২/৪৮-৫২: ‘‘সেই দিনে মাবুদ মূসাকে বললেন, তুমি এই অবারীম পর্বতে, অর্থাৎ জেরিকোর সম্মুখে অবস্থিত মোয়াব দেশস্থ নবো পর্বতে উঠ এবং আমি অধিকার হিসেবে বনি-ইসরাইলকে যে দেশ দিচ্ছি সেই কেনান দেশ দর্শন কর। আর তোমার ভাই হারুন যেমন হোর পর্বতে ইন্তেকাল করেছে এবং নিজের লোকদের কাছে সংগৃহীত হয়েছে, তেমনি তুমিও যে পর্বতে উঠবে, তোমাকে সেখানে ইন্তেকাল করে নিজের লোকদের কাছে সংগৃহীত হতে হবে; কেননা সীন মরুভূমিতে কাদেশস্থ মরীবা পানির কাছে তোমরা বনি-ইসরাইলদের মধ্যে আমার বিরুদ্ধে সত্য লঙ্ঘন করেছিলে (KSV: ye trespassed against me: আমার বিরুদ্ধে পাপ/ সীমালঙ্ঘন করেছিলে, RSV: Because You broke faith with me: তোমরা আমার সাথে বিশ্বাস ভঙ্গ করেছিলে) ফলত বনি-ইসরাইলদের মধ্যে আমাকে পবিত্র বলে মান্য কর নি (ye sanctified me not/ did not rever me as holy in the midst of the children of Israel)। তুমি তোমার সম্মুখে দেশ দেখবে, কিন্তু আমি বনি-ইসরাইলকে যে দেশ দিচ্ছি, সেখানে প্রবেশ করতে পারবে না।’’ (মো.-১৩)

এ দু’টা স্থানে ঈশ্বর স্পষ্টতই বলেছেন যে, বনি-ইসরাইলদের মধ্যে মোশি ও হারোণ অবিশ্বাস করেছিলেন, অবাধ্যতা করেছিলেন, সত্য লঙ্ঘন করেছিলেন, বিশ্বাস ভঙ্গ করেছিলেন এবং ঈশ্বরকে পবিত্র বলে মান্য করেননি। এজন্যই পবিত্র ভূমিতে প্রবেশের অধিকার ও সুযোগ থেকে তাঁদের উভয়কেই বঞ্চিত করা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14322

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন